

ডাঃ মোহাম্মদ আলী

উপ-পরিচালক

কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।

ডাঃ মোহাম্মদ আলী ১৯৬২ সালের ১৩ ডিসেম্বর জামালপুর জেলার সদর উপজেলার আমলাপাড়া মহল্লার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি জামালপুর জেলার সদর উপজেলার জামালপুর পৌরসভার ১নং ওয়ার্ডের সদর উপজেলার সরকারী উচ্চ বালক বিদ্যালয় থেকে ১৯৭৭ সালে এসএসসি (বিজ্ঞান), এ,এম কলেজ জামালপুর থেকে ১৯৭৯ সালে এইচএসসি (বিজ্ঞান) পাশ করেন। ১৯৮৩ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ডিভিএম ডিগ্রি লাভ করেন। তিনি ৭ম বিসিএস এর মাধ্যমে ১৯৮৭ সালের ২৮ ফেব্রুয়ারি কক্সবাজার জেলার চকরিয়া উপজেলায় ভেটেরিনারি সার্জন হিসেবে যোগদান করেন। দীর্ঘ ৩৩ বছর তিনি মাঠ পর্যায়ে ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হিসেবে গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। বর্তমান কর্মস্থলে যোগদানের পূর্বে প্রাণিসম্পদ অধিদপ্তরে সহকারী পরিচালক, জেলা প্রাণিসম্পদ কিশোরগঞ্জ ও শেরপুর এর দায়িত্ব পালন করেন।

২৮ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তিনি উপ-পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা যোগদান করেন।

সরকারি দায়িত্বের অংশ হিসেবে তিনি জাপান, ইন্দোনেশিয়া, মালেশিয়া সফর করেন।

যোগাযোগ :

ফোনঃ ০২-৭৭৯১৭৬৬,

মোবাইল: ০১৭১৫-৬৯৬৭৫৭

ই-মেইলঃ drmalidls62@gmail.com

ddsavardairy@gmail.com